**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩(২)শুল্ক: রপ্তানি ও বন্ড/২০০৫/৩৮৪(১) তারিখ ২৪.১১.২০০৫ইং

বিষয়: **শতভাগ রপ্তানিমুখী ইয়ার্ণ ডাইং শিল্পের অনুকূলে ইউ,পি -তে নমুনা সমন্বয়ের অনুমোদন প্রদান প্রসংগে।**

সূত্র: মেসার্স বেলী ইয়ার্ণ ডাইং লিমিটেড -এর ২৭/০৮/২০০৫ইং তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-১(৩)শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৭, তারিখ ১২/০৬/১৯৯৭ এর নির্দেশনা অনুসারে পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ এক্রেলিক সুতা ১.৫% হিসাবে নমুনা হিসাবে ইউডি-তে সমন্বয় করতে পারে। মেসার্স বেলী ইয়ার্ণ ডাইং লিমিটেড এক্রেলিক ইয়ার্ন ডায়িং করে তা শতভাগ রপ্তানিমূখী পোশাক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ করে থাকে। পোশাক শিল্প প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী প্রতিষ্ঠানটি নমুনা সুতা সরবরাহ করে থাকে। নমুনা অনুমোদিত হলে এ প্রতিষ্ঠান থেকে স্থানীয় ব্যাক টু ব্যাক এলসির মাধ্যমে পোশাক শিল্প প্রতিষ্ঠান এক্রেলিক সুতা ক্রয় করে থাকে।

০২। যেহেতু জাতীয় রাজস্ব বোর্ডের উল্লিখিত স্মারক অনুযায়ী পোশাক শিল্প প্রতিষ্ঠানগুলো বিদেশ থেকে এক্রেলিক সুতা আমদানি করে ১.৫% পর্যন্ত হিসাবে ইউডি এর মাধ্যমে সমন্বয় করতে পারে, সেহেতু এই ধারাবাহিকতায় মেসার্স বেলী ইয়ার্ণ ডাইং লিমিটেড পোশাক শিল্পের অর্ডার এর বিপরীতে যে নমুনা বিনামূল্যে সরবরাহ করা হবে তা নিম্নলিখিত শর্তে ইউপিতে সমন্বয় করা যাবে:

(১) ইউপিতে অনুমোদিত মোট পরিমানের সর্বোচ্চ ১.৫% বা একটি অর্ডারের ক্ষেত্রে সর্বোচ্চ ২০০ পাউন্ড এর মধ্যে যেটি ন্যূনতম সেই পরিমাণের বেশী সমন্বয় করা যাবে না।

(২) স্থানীয় এলসির মাধ্যমে সংগৃহীত এক্রেলিক সুতার ক্ষেত্রে পোশাক শিল্প প্রতিষ্ঠান নমুনার সুবিধা পারে না।

(৩) পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক স্থানীয়ভাবে সংগৃহীত এক্রেলিক সুতার ক্ষেত্রে ইউডিতে নমুনা সমন্বয় করা হয় নাই এই বিষয়টি নিশ্চিত হয়ে ইউপিতে নমুনা সমন্বয় করতে হবে।

স্বাক্ষরিত/-
(সৈয়দ মুসফিকুর রহমান)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

প্রাপক:

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।